# সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়

সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।
EIIN No: 108407, School Code: 1525, Thana Code: 132, District Code: 12
Web site: www.scbghs.edu.bd   E-mail: scbghs@gmail.com

তারিখঃ ১০/০৭/২০২৫

## বিষয়ঃ  ক্লাউড ক্যাম্পাস অ্যাপস এর প্রোফাইল আপডেট প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকল শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **আগামি ১২/০৭/২০২৫ তারিখের মধ্যে** বাধ্যতামূলকভাবে শিক্ষার্থীর ক্লাউড ক্যাম্পাস অ্যাপস এর শিক্ষার্থী প্রোফাইল শিক্ষার্থীর ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে আপডেট করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সকল শিক্ষার্থীর ইউজার আইডি এবং পাসওয়ার্ড ইতোমধ্যে প্রদান করা হয়েছে। এর পরেও শিক্ষার্থী/অভিভাবকদের সুবিধার্থে সকল শিক্ষার্থীর আইডি এবং পাসওয়ার্ড পুনরায় মোবাইলে এসএমএস এর মাধ্যমে দেওয়া হয়েছে।

**উক্ত আপডেট শিক্ষার্থীর অর্ধ বার্ষিক পরীক্ষা-২০২৫ এর প্রবেশ পত্র এবং অন্যান্য সফটওয়্যার এর আনুসঙ্গিক কাজে স্বয়ংক্রিয়ভাবে ব্যবহৃত হবে।**

### প্রোফাইল আপডেট করার পদ্ধতি নিম্নে চিত্রসহ বর্ণনা করা হলো ঃ


### ধাপ ০১ ঃ

ইন্টারনেট সংযোগযুক্ত যে কোন কম্পিউটারে বিদ্যালয়ের ওয়েবসাইট https://scbghs.edu.bd এ প্রবেশ করতে হবে এবং বিদ্যালয়ের ওয়েবসাইটে থাকা Login বাটনে ক্লিক করতে হবে।




## ধাপ ০২ ঃ

Login বাটনে ক্লিক করলে নিম্নোক্ত পেজ আসবে এবং সেখানে শিক্ষার্থীর আইডি এবং পাসওয়ার্ড টাইপ করে Login করতে হবে।





## ধাপ ০৩ ঃ

Login করার পরে নিম্নোক্ত উইন্ডো আসবে। সেখান থেকে Student Account এ ক্লিক করতে হবে।




## ধাপ ০৪ ঃ

Student Account এ ক্লিক করার পরে প্রোফাইল বাটনে ক্লিক করতে হবে।





## ধাপ ০৫ ঃ

প্রোফাইল এ প্রবেশ করার পরে Edit বাটনে ক্লিক করতে হবে প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করতে হবে এবং শিক্ষার্থীর ছবি আপলোড করতে হবে।




## ধাপ ০৬ ঃ

ঠিক একই ভাবে পর্যাক্রমে Student Info, Guardian Info, Address বাটনে ক্লিক করে পিতা, মাতা ও অভিভাবকের ছবিসহ প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করতে হবে।




## ধাপ ০৭ ঃ

প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করার পরে স্ক্রল করে নিচের দিকে নেমে আপডেট বাটনে ক্লিক করে সকল তথ্য সেভ করতে হবে। তাহলেই শিক্ষার্থীর সকল তথ্য আপডেট হয়ে যাবে। সবশেষে Congratulation Notification পাওয়া যাবে নিম্নরূপ।




**সকল শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দকে আবশ্যিকভাবে ১২/০৭/২০২৫ তারিখের মধ্যে শিক্ষার্থীর প্রোফাইল আপডেট করে অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২৫ এর প্রবেশপত্র সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

(মোঃ নজরুল ইসলাম সেলিম)
প্রধান শিক্ষক
সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়
সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।